

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
জেলা কার্যালয়ের অফিস
জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ

নম্বর ২৬.০৪.৪৪০০.৭০৬.১৭.০১৮.১৯.৫৭

তারিখ ২ আশ্বিন ১৪২৬

১৭ সেপ্টেম্বর ২০১৯

বাজার তদারকির তথ্য

বিষয়: ১৭ সেপ্টেম্বর ২০১৯ খ্রি: তারিখে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঝিনাইদহ জেলা কার্যালয়ের বাজার তদারকি।

০২ টি প্রতিষ্ঠানকে চার হাজার পাঁচশত টাকা জরিমানা

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঝিনাইদহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব সুচন্দন মন্ডল এর নেতৃত্বে ঝিনাইদহ সদর উপজেলায় বাজার তদারকি করা হয়। এসময় ফার্মেসিতে মেয়াদ উত্তীর্ণ ঔষধ সংরক্ষণ ও বিক্রয় করার অপরাধে মালিহা ফার্মেসি কে ২৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা এবং দোকানে কাঁচা মাংস ও খাদ্যপণ্য একইসাথে ফ্রিজে সংরক্ষণ করার অপরাধে জোয়ার্দার স্টোর কে ২০০০/- (দুই হাজার) টাকাসহ মোট ৪৫০০/- (চার হাজার পাঁচশত) টাকা প্রশাসনিক ব্যবস্থা হিসেবে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের বাজার তদারকিকালে ০৬ (ছয়) টি প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়। সাধারণ ভোক্তা ও ব্যবসায়ীদের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়। সার্বিক সহযোগিতা প্রদান করেন জনাব শংকর কুমার নন্দী, পৌর স্যানিটারি ইন্সপেক্টর, ঝিনাইদহ। নিরাপত্তার দায়িত্ব পালন করেন ঝিনাইদহ জেলা পুলিশের একটি টিম। জনস্বার্থে এ অভিযান চলমান থাকবে।

১৭-৯-২০১৯

সুচন্দন মন্ডল

সহকারী পরিচালক

ফোন: ০৪৫১-৬১৫৫০

ইমেইল: ad-

jhenaidah@dnocrp.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ।
- ২) উপপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, খুলনা বিভাগীয় কার্যালয়, খুলনা।
- ৩) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, (এডিএম), জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ।
- ৪) ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫) সম্পাদক/বার্তা সম্পাদক,....., ঝিনাইদহ (আপনার বহল প্রচারিত দৈনিকে প্রচারের অনুরোধ করা হলো।
- ৬) অফিস কপি।